# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
## গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০০৪.২৪.৯৯৮ তারিখ: ০৭-০৯-২০২৫

**অফিস আদেশ**

যেহেতু, ড. মোছা: শাহনাজ পারভীন BARI0417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুর ১১-১০-২০২২ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং ড. মোছা : শাহনাজ পারভীন BARI0417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে চিকিৎসার উদ্দেশ্যে ভারত ভ্রমণের নিমিত্ত কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০৬২.০৮.০০৫.১৯.২১২ তারিখঃ ১৬-০৫-২০২২ মোতাবেক ০৮-০৫-২০২২ হতে ০৭-০৭-২০২২ তারিখ পর্যন্ত ৬১ দিন বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয় এবং পুনরায় আপনার আবেদনের প্রেক্ষিতে স্মারক নং-১২.০০.০০০০.০৬২.০৮.০০৫.১৯.৩৩৭ তারিখঃ ১৯-০৭-২০২২ মোতাবেক ০৮-০৭-২০২২ হতে ০৩-০৮-২০২২ তারিখ পর্যন্ত ২৮ দিন ও স্মারক নং-১২.০০.০০০০.০৬২.০৮.০০৫.১৯-৩৯৩ তারিখঃ ২৫-০৮-২০২২ মোতাবেক ০৪-০৮-২০২২ হতে ১০-১০-২০২২ তারিখ পর্যন্ত ৬৮ দিন বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। কিন্তু আপনি বহিঃবাংলাদেশ ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে ১১-১০-২০২২ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় ইনস্টিটিউটের স্মারক নং-১২.০০.০০০০.০২৯.৯৯.০০১.১৮.৫২৫ তারিখঃ ০৪-০১-২০২৩ এবং স্মারক নং-১২.০০.০০০০.০২৯. ৯৯.০০১.১৮.৫৫৯ তারিখঃ ৩১-০১-২০২৩ মোতাবেক কর্মস্থলে যোগদানের জন্য পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে আপনি কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে ১১-১০-২০২২ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক ''অসদাচরণ ও পলায়নের'' অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০৪.২৪.৫৬৮৫ তারিখ: ৩০-০৬-২০২৪ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরনী জারী করা হয়;

যেহেতু আপনার বিরুদ্ধে জারিকৃত ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে আপনি কোনরুপ জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরুপ যোগাযোগ রক্ষা না করায় রুজুকৃত বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০৪.২৪.৮৭৬; তারিখ: ১৮-০৯-২০২৪ মোতাবেক ড. মো. আবুল খায়ের মিয়া BARI0183, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ব বিভাগ, বারি, গাজীপুরকে সভাপতি করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে ড. মোছা: শাহনাজ পারভীন BARI0417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুরের বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক ''অসদাচরণ ও পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার আনুসাঙ্গিক কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে "দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন"এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক কেন তাঁকে চাকরি হতে ''বরখাস্ত'' করা হবে না অথবা অন্য কোন গুরুদন্ড প্রদান করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, সে পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ড. মোছা: শাহনাজ পারভীন BARI0417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা'র নির্ধারিত সময়ের মধ্যে ২য় কারণ দর্শানো নোটিশ এর কোনরুপ জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরুপ যোগাযোগ রক্ষা করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ড. মোছা: শাহনাজ পারভীন BARI0417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা'র বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়াদি ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' গুরুদন্ড আরোপ করার সিদ্ধান্ত গৃহিত হয়;

যেহেতু, গত ২০-০৫-২০২৫ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের ৮০তম বোর্ড সিদ্ধান্ত মোতাবেক ড. মোছা: শাহনাজ পারভীন BARI0417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুর এর বরখাস্তকরণ বিষয়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজিসহ সর্বমোট ২টি পত্রিকায় প্রকাশ করা হয়। সে প্রেক্ষিতে আপনি কর্তৃপক্ষের সাথে কোনরুপ যোগাযোগ রক্ষা করেননি;

যেহেতু, গত ২৪-০৮-২০২৫ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের ৮১তম বোর্ড সভায় ড. মোছা: শাহনাজ পারভীন BARI0417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা-কে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' করার চূড়ান্ত অনুমোদন দেয়া হয়;

সেহেতু, ড. মোছা: শাহনাজ পারভীন BARI0417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাক্রমে **"অসদাচরণ ও পলায়ন"** এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক অত্র ইনস্টিটিউটের চাকরি হতে **''বরখাস্ত''** করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ)
মহাপরিচালক
ফোনঃ ০২-৪৯২৭০০০০

প্রাপকঃ

**রেজি./এডিঃ**
ড. মোছা: শাহনাজ পারভীন BARI0417
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুর।

**রেজি./এডিঃ স্থায়ী ঠিকানা-**
ড. মোছা: শাহনাজ পারভীন
পিতা-মো: রফিক উদ্দিন সরকার, গ্রাম-সরকার পাড়া
ডাকঘর-বুড়াবুড়ী, থানাঃ তেতুঁলিয়া, জেলাঃ পঞ্চগড়।

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০০৪.২৪.৯৯৮

তারিখ: ০৭-০৯-২০২৫

অনুলিপিঃ-

১. পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মুল্যায়ন), বারি, গাজীপুর
২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৩. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুর, বারি, গাজীপুর
৪. উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
৫. ড. মোছা: শাহনাজ পারভীন BARI0417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুর
৬. ড. মোছা: শাহনাজ পারভীন, পিতা-মো: রফিক উদ্দিন সরকার, গ্রাম-সরকার পাড়া, ডাকঘর-বুড়াবুড়ী, থানাঃ তেতুঁলিয়া, জেলাঃ পঞ্চগড়
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
৮. এসিআর সেল/কম্পিউটার সেল
৯. ব্যক্তিগত নথি/মাস্টার ফাইল/সংশ্লিষ্ট নথি।

০৭/০৯/২৫

(মোঃ মিজানুর রহমান খন্দকার)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৪৯২৭০০১০/৫৩০৬